দৈনিক বাংলা

তারিখ ৬-১০-৮১
পৃষ্ঠা...

358

032

# আদালতের রায়ে এইচ এস সি পরীক্ষার্থীকে প্রথম বিভাগে উত্তীর্ণ ঘোষণা

(কোর্ট রিপোর্টার)

সম্প্রতি ঢাকার মুন্সেফ জনাব শেখ নাবিরউদ্দীন একটি চাঞ্চল্যকর মোকদ্দমার রায় প্রদান করে ১৯৭৮ সালে অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক বিজ্ঞান শাখার পরীক্ষার্থী মামলার বাদী শামসউদ্দিন আহমদ চৌধুরীকে বিজ্ঞান শাখায় প্রথম বিভাগে উত্তীর্ণ ঘোষণা করেন।

জনাব শামসউদ্দীন আহমদ চৌধুরী ১৯৭৮ সালে পরীক্ষায় বাংলা প্রথমপত্র ও প্রাণী বিজ্ঞান এই দুটি বিষয়ে খুব কম নম্বর পান যে জন্য তাকে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ ঘোষণা করা হয়। বাদী বোর্ডের

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## আদালতের রায়

(১-এর পৃঃ পর)

বিরুদ্ধে মোকদ্দমা দায়ের করে দাবী করেন যে উপরোক্ত দুটি বিষয়ে তিনি প্রথম বিভাগের নম্বর পেয়েছেন কিন্তু বোর্ডের ত্রুটির জন্য তাকে কম নম্বর দেয়া হয়েছে।

বিবাদী পক্ষে বাদীর দাবীর বিরুদ্ধে লিখিত জবাব প্রদান করে বলা হয় যে বাংলা প্রথমপত্রের খাতা পুনঃপরীক্ষা করে পাঁচ নম্বর অধিক হয়েছে তবে প্রাণী বিজ্ঞানের খাতায় সঠিক নম্বর দেয়া হয়েছে।

মাননীয় মুন্সেফ শুনানীর পর বাদীর পক্ষে রায় প্রদান করেন।

বাদী পক্ষে এডভোকেট জি এ খান বিবাদী পক্ষে এডভোকেট মোহাম্মদ ইব্রাহিম মোকদ্দমা পরিচালনা করেন।